**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.৬৯০০.০৪২.১৪.০২৯.১৭.৪৩৩ তারিখ: ১৫ চৈত্র ১৪৩২ / ২৯ মার্চ ২০২৬

**বিষয় : নাটোর জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৬৩২.১২ লক্ষ (ছয় কোটি বত্রিশ লক্ষ বারো হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৯১টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।**

সূত্র : স্মারক নং-৪৬.০০.৬৯০০.০০২.১৪.১৬৫.২৫.৭৫১, তারিখ: ২৩/১১/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরে নাটোর জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৬৩২.১২ লক্ষ (ছয় কোটি বত্রিশ লক্ষ বারো হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৯১টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক ২৪০-এ বর্ণিত ২.০০ লক্ষ (দুই লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে একটি প্রকল্পের বিষয়ে নিম্নবর্ণিত ছকের ৪নং কলামে উল্লিখিত তথ্য মোতাবেক পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য বলা হলো:

| ক্রম | | প্রকল্প তালিকার ক্রমিক | প্রাক্কলিত ব্যয় | চাহিত তথ্য/মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | | (২) | (৩) | (৪) |
| ০১ | | ২৪০ | ২.০০ লক্ষ (দুই লক্ষ) | এডিপি'র পরিপত্র অনুযায়ী এনজিও'র অনুকূলে প্রকল্প গ্রহণের বিধান নেই। বর্ণিত 'গুরুদাসপুর উন্নয়ন সংস্থা' প্রতিষ্ঠানটি এনজিও কি না সে সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য বলা হলো। |

০২। এমতাবস্থায়, উক্ত প্রকল্পটি ব্যতীত অবশিষ্ট (২৯১-১)= ২৯০টি প্রকল্প (৬৩২.১২ – ২.০০)= ৬৩০.১২ লক্ষ (ছয় কোটি ত্রিশ লক্ষ বারো হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নোক্ত শর্তাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

<u>শর্তাবলি:</u>

০১. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
০২. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;
০৩. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;
০৪. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;
০৫. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না;
০৬. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে;
০৭. অনুমোদিত প্রকল্প পরবর্তীতে এ বিভাগের অনুমোদন ব্যতীত কোন সংশোধন করা যাবে না।

২৯/০৩/২০২৬
খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

বিতরণ:
১. প্রশাসক, জেলা পরিষদ, নাটোর;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর।

স্মারক নম্বর : ৪৬.০০.৬৯০০.০৪২.১৪.০২৯.১৭.৪৩৩/১(৬) তারিখ: ১৫ চৈত্র ১৪৩২ / ২৯ মার্চ ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৩. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

com-3/d/2019-2020/Document/Natore/adp/com-3